গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# অধ্যক্ষের কার্যালয়

রাজবাড়ী সরকারি কলেজ, রাজবাড়ী

স্থাপিত: ১৯৬১, কলেজ কোড: ৬৫০০, জা.বি. কোড: ৫৯০১, EIIN No. 113488

তারিখ: ২১/০২/২০২৬ খ্রি.

## ২০২৫ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স প্রাইভেট রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫ সালে অনুষ্ঠিতব্য বি.এ./বি.এস.এস./বি.বি.এস. (পাস) এবং সার্টিফিকেট কোর্স প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের নিম্নে উল্লিখিত বিষয়াদি অনুসরণ করে ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্সের রেজিস্ট্রেশনের আবেদন করতে পারবে।

১। যে সকল শিক্ষার্থী ২০২৩ সালে বা তৎপূর্বে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষা উর্ত্তীণ প্রার্থীরা রেজিস্টেশনের আবেদন করতে পারবে।

২। ১৯৮৮ সালের পূর্বে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে আলীম পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।

৩। প্রাইভেট প্রার্থীগণ রেজিস্ট্রেশনের আবেদন পত্রে যে সকল বিষয় নির্বাচন করবে কেবলমাত্র সে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন কোনক্রমেই বিষয় পরিবর্তন করা যাবে না। কোর্স/বিষয় সংল্লিষ্ট কলেজে অধিভুক্তি না থাকলে যে বিষয়ে রেজিস্ট্রেশন করা যাবে না।

৪। যে সকল বিষয়ে মাঠকর্ম বা ব্যবহারিক পরীক্ষা আছে সে সকল বিষয়ে প্রাইভেট / সার্টিফিকেট কোর্স করা যাবে না।

৫। স্নাতক পর্যায়ে বর্তমানে অধ্যয়নরত/রেজিস্ট্রেশন প্রাপ্ত কোন প্রার্থী ২০২৫ সালের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট প্রোগ্রামে আবেদন করতে পারবে না। উক্ত শর্ত ভঙ্গ করে কোন প্রার্থী এ কার্যক্রমে অংশগ্রহণ করলে তার রেজিস্ট্রেশন বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৬। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল বা কামিল পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষার প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।

৭। কোন ছাত্র-ছাত্রী যে সকল বিষয় নিয়ে ডিগ্রী (পাস) পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে সে সব বিষয় বাদে ০৬ (ছয়) পত্র বিশিষ্ট যে কোন (ব্যবহারিক বিষয় বাদে) একটি বিষয়ে সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৮। ডিগ্রী (পাস) পরীক্ষায় অংশগ্রহণের জন্য রেজিষ্ট্রেশনের ক্ষেত্রে নিম্নলিখিত কাগজপত্রাদি আবেদন ফরমের সাথে সংযোজন করতে হবে।

**(ক) এস.এস.সি. বা সমমান এবং এইচ.এস.সি. বা সমমান পরীক্ষা পাশের মূল সনদপত্র ও নম্বরপত্রসহ প্রতিটির সত্যায়িত ফটোকপি ০২ (দুই) টি করে।**

**(খ) সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থীদের জন্য উল্লিখিত মূল সনদপত্র, নম্বরপত্রসহ ডিগ্রী (পাস) পরীক্ষার মূল সনদপত্র ও নম্বরপত্রসহ প্রতিটির ০২ (দুই) কপি করে সত্যায়িত ফটোকপি ।**

(গ) সামরিক বাহিনী, পুলিশ, বি.জি.বি. ও আনসার বাহিনীতে চাকুরীরত প্রার্থীদের চাকুরী ০২ (দুই) বৎসর পূর্ণ হয়েছে এ মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। তাদের চাকুরীতে নিয়োগের তারিখ, পরীক্ষায় অংশগ্রহণ পর্যন্ত চাকুরীতে বহাল থাকবে এবং পরীক্ষার সময় ছুটি মঞ্জুর করা হবে ইত্যাদি বিষয় প্রত্যয়ন পত্রে উল্লেখ থাকতে হবে।

(ঘ) সরকারি / আধা-সরকারি / স্বয়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র জমা দিতে হবে। পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে মর্মে প্রত্যয়ন পত্রে উল্লেখ করতে হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য :-

**অনলাইনে আবেদনের নিয়মাবলী :**

ক) ২০২৫ শিক্ষাবর্ষের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য প্রার্থীকে ২১/০১/২০২৬ তারিখ থেকে ১৯/০২/২০২৬ তারিখ রাত ১২টা পর্যন্ত জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www. nu.ac.bd/admissions) এর মাধ্যমে আবেদন ফরম পূরণ করতে হবে। এ লক্ষ্যে প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Degree Pass অপশনে গিয়ে Blank Data Entry Form (Degree Private) অপশন থেকে আবেদন ফরম পূরণ করতে হবে। প্রাইভেট সার্টিফিকেট কোর্সে আবেদনকারী প্রার্থীকে Blank Data Entry Form (Private Certificate Course) অপশন থেকে আবেদন করতে হবে।

(খ) Blank Data Entry Form এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফরম পূরণের ক্ষেত্রে প্রার্থীকে সতর্কতার সংগে নিজের নাম, পিতা/মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য নির্ভুলভাবে এন্ট্রি দিতে হবে। এই ফরমে প্রার্থী ইচ্ছাকৃত কোন তথ্য গোপন করলে/কোন তথ্য ভুল বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

(গ) আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটি নির্ধারিত স্থানে স্বাক্ষর করে প্রাইভেট রেজিস্ট্রেশনের তালিকা ভূক্তির জন্য ১৯/০২/২০২৬ তারিখের মধ্যে ক্যাশ কাউন্টারে আবেদন ফরম ফি ৪৫০/-(চারশত পঞ্চাশ), রেজিস্ট্রেশন ফি ৭২০/-(সাতশত বিশ), রেজিস্ট্রেশন ব্যবস্থাপনা ফি ৫০/-(পঞ্চাশ), ভর্তি ব্যবস্থাপনা ফি ৫০/- (পঞ্চাশ) টাকা সর্বমোট ১২২০/-(এক হাজার দুইশত বিশ) টাকা জমা দিয়ে প্রয়োজনীয় কাগজপত্রাদি ০২ (দুই) সেট করে অফিসে জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া হলো।

৯। বি.এ. (পাস) কোর্সের বিষয়গুচ্ছ সমূহ :- বাংলা (আবশ্যিক)- ১০০ নম্বর, কোর্ড- ১৩১০০১, ইংরেজি (আবশ্যিক)- ১০০ নম্বর, কোর্ড- ১২১১০১,স্বাধীন বাংলাদেশের অভ্যূদয়ের ইতিহাস (আবশ্যিক)- ১০০ নম্বর, কোর্ড- ১১১৫০১ যে কোন গুচ্ছ থেকে একটি করে মোট ০৩ (তিন) টি বিষয় নিতে হবে। কোন গুচ্ছ থেকে একাধিক বিষয় নেয়া যাবে না।

(ক) ইতিহাস- ১১১৫০৩/ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি- ১১১৬০১।
(খ) অর্থনীতি- ১১২২০১/ সমাজবিজ্ঞান- ১১২০০১/ রাষ্ট্রবিজ্ঞান- ১১১৯০১।
(গ) দর্শন- ১১১৭০১।

১০। বি.এস.এস. (পাস) কোর্সে বিষয়গুচ্ছসমূহ ঃ-

বাংলা (আবশ্যিক)- ১০০ নম্বর, কোর্ড- ১৩১০০১, ইংরেজি (আবশ্যিক)- ১০০ নম্বর, কোর্ড- ১২১১০১, স্বাধীন বাংলাদেশের অভ্যূদয়ের ইতিহাস (আবশ্যিক)- ১০০ নম্বর, কোড- ১১১৫০১।

"ক" গুচ্ছ হতে দুইটি এবং অন্যান্য গুচ্ছের যে কোন একটি বিষয়সহ মোট তিনটি বিষয় নিতে হবে।

(ক) অর্থনীতি-১১২২০১/ রাষ্ট্রবিজ্ঞান-১১১৯০১/অথবা সমাজবিজ্ঞান- ১১২০০১।
(খ) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-১১১৬০১/ ইতিহাস- ১১১৫০৩।
(গ) দর্শন- ১১১৭০১।

১১। বি. বি. এস. (পাস) কোর্সে বিষয়গুচ্ছসমূহ ঃ-

বাংলা (আবশ্যিক)- ১০০ নম্বর, কোর্ড- ১৩১০০১, ইংরেজি (আবশ্যিক)- ১০০ নম্বর, কোর্ড- ১২১১০১, স্বাধীন বাংলাদেশের অভ্যূদয়ের ইতিহাস (আবশ্যিক)- ১০০ নম্বর, কোড- ১১১৫০১।

"ক" গুচ্ছ হতে দুইটি এবং অন্যান্য গুচ্ছের যে কোন একটি বিষয়সহ মোট তিনটি বিষয় নিতে হবে।

(ক) হিসাববিজ্ঞান- ১১২৫০১ ও ব্যবস্থাপনা- ১১২৬০১।
(খ) অর্থনীতি- ১১২২০১।

২১/০১/২০২৬

প্রফেসর এ.কে.এম.ইকরামুল করিম-১৬৯৬
অধ্যক্ষ
রাজবাড়ী সরকারি কলেজ, রাজবাড়ী।
ই-মেইল: rajbarigovt.college@yahoo.com

/আশরাফ/এ্যাড.বি./১৭৬/২৫/